মেহেরপুরে অবৈধ যানবাহনের বিরুদ্ধে ট্রাফিক পুলিশের অভিযান শুরু

মেহেরপুর ও গাংনীতে অবৈধ যানবাহনের বিরুদ্ধে ট্রাফিক পুলিশের অভিযান শুরু হয়েছে গত দুই দিনে মেহেরপুর ও গাংনীতে অভিযান চালিয়ে অর্ধশতাধিক অবৈধ যানবাহন আটক করেছে।

বৃহস্পতিবার সকাল থেকে শুরু করে বিকাল পর্যন্ত পরিচালিত অভিযানে মটরসাইকেল,আলমসাদু আটক করা হয়। সেই সাথে বিভিন্ন পরিবহনে ব্যাবহৃত মানুষের চোখের জন্য মারাত্বক ক্ষতিকারক এলইডি লাইট ভেঙ্গে দেয়া হয়। এসকল এলইডি লাইট অপসারণ ও অবৈধ নসিমন,করিমন ও আলমসাদু আটক অভিযানে ট্রাফিক পুলিশকে সাধুবাদ জানিয়েছে পথচারীসহ এলাকাবাসী। অবৈধ যানবাহন চলাচল বন্ধ করা হলে সড়ক দুর্ঘটনা কমবে বলে মনে করছেন সড়ক দুর্ঘটনায় আহত হওয়া অনেকেই।

অভিযান পরিচালনা করেন টিএসআই গোলাম মোস্তবা,টিএসআই মুস্তাফিজুর রহমান,ট্রাফিক সার্জেন্ট নাজমুল হকসহ ট্রাফিক পুলিশের সদস্যরা । -নিজম্ব প্রতিনিধি

মেহেরপুরে পাটবীজ চাষীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুর জেলা পাট অধিদপ্তরের উদ্যোগে পাটবীজ চাষীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ কক্ষে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

জেলা পাট উন্নয়ন কর্মকর্তা একে আব্দুল বারীর সভাপতিত্বে প্রশিক্ষণ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ বিভাগের উপ-পরিচালক ড. আখতারুজ্জামান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত কৃষি কর্মকর্তা মোশারফ হোসেন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পাট পরিদর্শক মহাসিন শিকদার।
— নিজম্ব প্রতিনিধি

মেহেরপুর জেলার বিভিন্ন কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলার মাদক দ্রব্য নিয়ন্ত্রন কমিটি, চোরাচালান প্রতিরোধ কমিটি এবং নারী ও শিশু নির্যাতন কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে । বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোঃ আতাউল গনির সভাপতিত্বে পৃথক পৃথক সভায় বক্তব্য রাখেন সিভিল সার্জন ডাঃ শামীম আরা নাজনীন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইবাদত হোসেন, স্থানীয় সরকার উপ-পরিচালক মো: তৌফিকুর রহমান, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, গাংনী উপজেলার নির্বাহি অফিসার দিলারা রহমান, পিপি পল্লব ভট্টাচার্য, জেল সুপার একে এম কামরুল হাসান, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক বিকাশ কুমার রায় প্রমুখ।
— নিজম্ব প্রতিনিধি

মেহেরপুরে এনসিটিএফ এর সম্মেলন

অনুষ্ঠিত

মেহেরপুর এনসিটিএফ এর উদ্যোগে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সহযোগিতায় সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে এনসিটিএফ এর সদস্যরা ২০২০ সালে মেহেরপুরে কি কি কাজ করবে তার বার্ষিক পরিকল্পনা প্রনয়ন করা হয়। বৃহস্পতিবার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সভা কক্ষে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনের শুরুতে কোরআন থেকে তেলাওয়াত করে এনসিটিএফ সদস্য শিমুল বিশ্বাস, স্বাগত বক্তব্য রাখেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রজেক্ট অফিসার সাইফুল ইসলাম, পলাশীপাড়া ও এনসিটিএফ এর বর্তমান প্রেক্ষাপট ও ভবিষ্যৎ নিয়ে বক্তব্য রাখেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন।

তিনি বলেন, মেহেরপুরে সেভ দ্য চিলড্রেন যেভাবে সকল ইউনিয়ন উপজেলা এবং জেলা পর্যায়ের এনসিটিএফ কে সহযোগিতা করেছেন সেভ দ্য চিলড্রেন মেহেরপুর থেকে চলেগেলেও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি সেইভাবে এনসিটিএফ কে সহযোগিতা করবে।
সেভ দ্য চিলড্রেন মেহেরপুর এনসিটিএফ এর সাথে কি কি কাজ করেছেন তা নিয়ে আলোচনা করেন সেভ দ্য চিলড্রেনের ডেপুটি ম্যানেজার হাবিবুর রহমান।

এ ছাড়াও বক্তব্য রাখেন মেহেরপুর জেলা এনসিটিএফ এর সভাপতি এস এম মেহেরাব হোসেন, সাধারণ সম্পাদক ফারিয়া আফরিন এলিসা। এনসিটিএফ এর সদস্যরা গ্রুপ ওয়ার্কের মাধ্যমে ২০২০ সালে ইউনিয়ন, পৌরসভা, উপজেলা ও জেলা পর্যায়ে কি কি কাজ করবে তার বার্ষিক পরিকল্পনা করে ও সকলের সামনে তা উপস্থাপনা করেন।
— নিজম্ব প্রতিনিধি

মেহেরপুরে ছহিউদ্দিন স্মৃতি

ফুটবল টুর্নামেন্টে ভবন্দপুর আশরাফপুর একাদশ জয়ী

মেহেরপুর সদর উপজেলা মোমিনপুর ডায়মন্ড ক্লাবের উদ্যোগে মোমিনপুর মাঠে অনুষ্ঠিত ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ভবন্দপুর আশরাফপুর একাদশ জয়লাভ করেছে।

বৃহস্পতিবার অনুষ্ঠিত খেলায় ভবন্দপুর আশরাফপুর একাদশ ২-০ গোলে বামুন্দী একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের খাদেমুল ও সুবেল ১টি করে গোল করেন। খেলায় খাদেমুল সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

খেলা শেষে জেলা পরিষদের সদস্য রকিবুল ইসলাম পুরস্কার বিতরণ করেন । এসময় মোমিনপুর ডায়মন্ড ক্লাবের সভাপতি জয়নাল আবেদীন, সম্পাদক রিপন, এসআই আব্বাস আলী, ইউপি সদস্য আরমান আলী উপস্থিত ছিলেন।
— নিজম্ব প্রতিনিধি

মুজিবনগরে বসত ঘরে আগুন লেগে নিঃস্ব মল্লিক শেখ

মুজিবনগর উপজেলার সোনাপুর মাঝপাড়া গ্রামের মৃতঃ হোসেন শেখের ছেলে মল্লিক শেখ (৭০)। একটা হাত প্রতিবন্ধি তার।ঠিকমত কাজও করতে পারে না।ছেলারা সবাই আলাদা হয়ে নিজের নিয়ে ব্যাস্ত।মজিদ শেখ ও তার স্ত্রী মাঠ কুড়িয়ে তাদের সংসার চালায়। মাঠে যেয়ে ধান,গম, ভ্ট্টূা, পেয়াজ কুড়িয়ে নিয়ে এসে সেগুলো বিক্রি করে চলে তাদের সংসার। সরকারী খাস জমিতে একটা ছোট কুড়ে ঘর করে বসবাস করতো তারা। তাদের ঘরের সাথেই একটি ছোট ছাগলের ঘর।

প্রতিদিনের ন্যায় বুধবার সন্ধার আগে তিনি ছাগলের কাছে সাজাল দিতে যায়। সাজাল দেওয়ার সময় আগুনের ফুলকি উড়ে কোন ভাবে ঘরের পাশে রাখা পাটখড়িতে লেগে যায়। তার কয়েক মিনিটের মধ্যেই আগুনের লেলিহান শিখা পুড়ো ঘরে লেগে গেলে ভয়াভহ অগ্নিকান্ডের ঘটনা ঘটে । গ্রামের

মানুষ একত্রিত হয়ে ঘন্টা ব্যাপী পানি ঢেলে আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়। এর মধ্যে ঘরের ভিতর থাকা সমস্ত মালামাল পুড়ে ছাই হয়ে যায়। আগুনে তার একটি মাত্র ছাগলও মারা যায়।

স্থানীয়রা জানান,মল্লিক শেখ খুব অসহায় একজন মানুষ। স্বামি-স্ত্রী মাঠ কুড়িয়ে ধান,গম, ভ্ট্টূা, পেয়াজ কুড়িয়ে যেটুকু পাই। সেগুলো সব বিক্রি করে চলে তাদের সংসার। কিন্তু এমন একটা নির্মম পরিহাস তাদের জন্যে আরো দুঃখ বয়ে আনলো।নিজেরাই ঠিকমত চলতে পারে না। একবেলা খেয়ে একবেলা না খেয়ে দিন কাটাই। কিন্তু একটা ঘর তৈরি করতে তো অনেক টাকার বিষয়। যেখানে ঠিকমত নিজেদের খাবরই জোগার করতে পারে না সেখানে এত টাকা খরচ করে নতুন করে ঘর তৈরি করবে কিভাবে। তবে সরকার থেকে তাদের জন্য যদি সহযোগীতা করা হয় তাহলে হয়তো তারা একটু মাথা গোঁজার ঠাই পাবে।

এ বিষয়ে যোগাযোগ করা হলে বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন বলেন, মল্লিক শেখ যাতে একটা ঘর তৈরি করার জন্য সু্বধিা পায় সে জন্যে আমার ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে তাকে সর্বান্তক সহযোগীতা করবো।
– মুজিবনগর অফিস

মেহেরপুর জেলা ছাত্রদলের মৌন মিছিল

বুয়েটের মেধাবী ছাত্র আবরার ফাহাদকে নির্মমভাবে হত্যার বিচারের দাবিতে মৌন মিছিল করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় তেকে মিছিলটি বের করা হয়।

মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন, সাধারন সম্পাদক আলমগীর হোসেন, সাংগঠনিক সম্পাদক সাঈদ বীন রফিক সিজার, সহ-সভাপতি আকিব জাভেদ সেনজির, সহ-

সভাপতি তৌফিক এলাহী শাকিল, সোহানুর রহমান সোহাগ, সাজেদুর রহমান বিপ্লব, যুগ্ম সম্পাদক মোল্লা মোঃ নাজমুল ইসলাম সহ ছাত্রদলের সকল ইউনিটের নেতাকর্মীরা।
– নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে গৃহবধুকে হত্যার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার গোপালপুর থেকে তহমিনা খাতুন (৪০) নামের এক গৃহবধুর লাশ উদ্ধার করেছে পুলিশ।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে পুলিশ তার লাশ উদ্ধার করে। তহমিনা খাতুন একই গ্রামের গোলাম হোসেনের স্ত্রী। পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠিয়েছে।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা জানান, স্থানীয়দের সংবাদের ভিত্তিতে লাশ উদ্ধার করা হয়েছে। কি কারণে বা কেন তাকে হত্যা করা হয়েছে তা তদন্ত করে ব্যবস্থা নেয়া হচ্ছে।
নিহতের স্বজনরা জানান, জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে প্রতিবেশি আবু তাহের , জমিরুল সহ কয়েকজন মিলে শারিরীক নির্যতাাতন করে হত্যা করেছ্তে। এ ঘটনার পর থেকে তাহের ও জমিরুল পলাতক থাকায় তার বক্তব্য পাওয়া যায়নি।

– নিজস্ব প্রতিনিধি

গাংনীতে স্বামী পরিত্যক্তা

মহিলার লাশ উদ্ধার

মেহেরপুরের গাংনীতে পারভিনা খাতুন (৪৩) নামের এক স্বামী পরিত্যক্তা মহিলার লাশ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার সকাল ৮টায় উপজেলার হাড়াভাঙ্গা থেকে তার লাশ উদ্ধার করা হয়।

পারভিনা কাজিপুর গ্রামের আতর আলীর মেয়ে ও কাজিপুর ইউপি চেয়ারম্যান রাহাতুল্লাহ শালিকা।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,হাড়াভাঙ্গা মাদ্রাসা বাজারে পারভিনা নামের এক মহিলার লাশ রয়েছে এমন সংবাদ পেয়ে লাশ উদ্ধার করা হয়েছে। হত্যা না আত্মহত্যা এটা সুরতহাল প্রতিবেদন হাতে পাওয়ার পর জানা যাবে।

কাজিপুর ইউপি আওয়ামীলীগের সভাপতি আবু নাতেক জানান, গলায় ওড়না বাধা এক মহিলার লাশ বাজারের একটি দোকনের সামনে রয়েছে সকালে স্থানীয় লোকজনের মাধ্যমে খবর পেয়ে পুলিশকে খবর দেয়া হয়। তবে ঘটনা সম্পর্কে তিনি কিছু বলতে পারেননী।

কাজিপুর ইউপি চেয়ারম্যান রাহাতুল্লাহ জানান,পারভিনা তার বাড়িতেই থাকবো। কখন কিভাবে তার মৃত্যু হয়েছে তিনি জানেননা।
পারভিনার চাচাতো ভাই নবী উদ্দীন জানান,পারভিনা খাতুন গত দু বছর আগে মাথায় সমস্যা হয়। পারভিনার বিয়ে হয়েছিলো পার্শবর্তী বালিয়াঘাট গ্রামের জুলহাসের সাথে। পরে সেখানে দুজনের মধ্যে বিবাহ বিচ্ছেদ ঘটে।

– নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মানসিক প্রতিবন্ধীকে

ধর্ষণের অভিযোগে একজন আটক

মেহেরপুরের গাংনীতে মানসিক প্রতিবন্ধী এক মহিলাকে ধর্ষণ করার অভিযোগে খবির নামের এক লম্পটকে গ্রেফতার করেছে পুলিশ।
বুধবার সন্ধ্যায় উপজেলার হিন্দা গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। লম্পট খবির হিন্দা গ্রামের পশ্চিম পাড়ার চায়েন উদ্দীনের ছেলে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, মানষিক প্রতিবন্ধী এক মহিলাকে ধর্ষণ করার অভিযোগে খবির নামের এক লম্পটকে গ্রেফতার করা হয়েছে। এ ঘটনায় ঐ প্রতিবন্ধীর ভাবি খবির উদ্দীনের বিরুদ্ধে ধর্ষনের মামলা দায়ের করেছে যার নং ১০। তাং ১০-১০-১৯ ইং।

প্রতিবন্ধীর ভাবি জানান, ধর্ষণের কারণে তার প্রতিবন্ধী ননদ গর্ভবতী হয়ে পড়েছে। মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত ০৭-০৬-১৯ ইং তারিখে প্রতিবন্ধীর বাড়ির পার্শে একটি পাট ক্ষেতে নিয়ে তাকে জোর পূর্বক ধর্ষণ করে লম্পট খবির। এরপর গর্ভবতী হয়ে পড়ে সে।

মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আলী রেজা জানান, ভিকটিমের ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হবে। এছাড়া ধর্ষণ মামলার আসামী খবিরকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

– নিজস্ব প্রতিনিধি